গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৪/২০২৩-২০২৪

**ময়মনসিংহ, ২২ নভেম্বর, বুধবার ২০২৩, ০৭ অগ্রহায়ন ১৪৩০**

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা; দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

০২। আগামী সংসদে ফেসবুকের নিবন্ধনে আইন হবে, আশা তথ্যমন্ত্রীর

০৩। জাতীয় নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশনা

০৪। কবি নজরুল বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমঝোতা চুক্তি স্বাক্ষর

০৫। যথাযথ আচারাদীর মধ্য দিয়ে শ্রী শ্রী জগদ্ধাত্রী পূজা অনুষ্ঠিত

## ০১। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে শিখা অনির্বাণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা; দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (২১ নভেম্বর) সকালে ঢাকা সেনানিবাসে শিখা অনির্বাণে ফুল দিয়ে মুক্তিযুদ্ধে শহীদ সামরিক বাহিনীর সদস্যদের প্রতি শ্রদ্ধা জানান তারা। সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উপলক্ষ্যে এদিন প্রধানমন্ত্রী ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে 'মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত নির্বাচিত মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীগণকে সংবর্ধনা প্রদান' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বক্তব্যকালে প্রধানমন্ত্রী অগ্নিসন্ত্রাসের মাধ্যমে কিছুই অর্জন করা যায় না বলে উল্লেখ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

## ০২। আগামী সংসদে ফেসবুকের নিবন্ধনে আইন হবে, আশা তথ্যমন্ত্রীর

আগামী সংসদে ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের বাংলাদেশে বাধ্যতামূলকভাবে নিবন্ধন নিতে আইন হবে বলে আশা প্রকাশ করেছেন তথ্যমন্ত্রী হাছান মাহমুদ। মঙ্গলবার (২১ নভেম্বর) সচিবালয়ে তথ্য অধিদফতরের গুজব প্রতিরোধ সেল এবং ফ্যাক্টস চেকিং কমিটির সঙ্গে বৈঠক শেষে প্রেস ব্রিফিং ও মতবিনিময়কালে মন্ত্রী এসব কথা জানান। এ সময় প্রধান তথ্য কর্মকর্তা মো. শাহেনুর মিয়াসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

## ০৩। জাতীয় নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশনা

সরকারি সম্পত্তি ব্যবহার করে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচার বন্ধ করার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। মঙ্গলবার (২১ নভেম্বর) ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখার উপসচিব মো. আতিয়ার রহমান এ নির্দেশনাটি স্থানীয় সরকার বিভাগের সচিবকে পাঠিয়েছেন। এদিকে নির্বাচনের আগে নতুন করে কোনো প্রকল্প গ্রহণ, অর্থ অবমুক্ত ও অনুদান না দিতে নির্দেশনা দিয়েছে ইসি। নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ পর্যন্ত এ নির্দেশনা বহাল থাকবে। মঙ্গলবার ইসির উপসচিব মো. আতিয়ার রহমানের সই করা চিঠিতে এই নির্দেশনা দেয়া হয়। এদিকে নির্বাচনে ১২ দেশের পর্যবেক্ষক ভোট পর্যবেক্ষণ করতে আসতে চায় বলে মঙ্গলবার নির্বাচন ভবনের নিজ দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০৪। কবি নজরুল বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমঝোতা চুক্তি স্বাক্ষর

ময়মনসিংহের ত্রিশালস্থ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়ায় অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশের মধ্যে মঙ্গলবার (২১ নভেম্বর) শিক্ষা-গবেষণা-উন্নয়ন ক্ষেত্রে সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া ক্যাম্পাসে উপাচার্যের কার্যালয়ে এই চুক্তি স্বাক্ষরিত হয়। কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্টার কৃষিবিদ ড. মো. হুমায়ুন কবীর এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আলমগীর হোসেন ভূঁইয়া। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক সবুজ।

## ০৫। যথাযথ আচারাদীর মধ্য দিয়ে শ্রী শ্রী জগদ্ধাত্রী পূজা অনুষ্ঠিত

মঙ্গলবার (২১ নভেম্বর) সারা দেশের ন্যায় ময়মনসিংহে উৎসাহ উদ্দীপনায়, যথাযথ আচারাদীর মধ্য দিয়ে হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় উৎসব শ্রী শ্রী জগদ্ধাত্রী পূজার সপ্তমী, অষ্টমী ও নবমী বিহিত পূজা অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহ নগরীর রামকৃষ্ণ মিশন ও আশ্রম ও দুর্গাবাড়ি মন্দিরে এ পূজা অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

# সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী খেলাপি ঋণের হার সর্বোচ্চ ৩ শতাংশ সহনীয় বলে ধরা হয়। বাংলাদেশের খেলাপি ঋণের ঝুঁকি এরচেয়ে কয়েকগুণ বেশি। ঋণ খেলাপি হওয়ার কারণগুলো চিহ্নিত, এর সমাধানে কি করনীয়, তাও বহুল আলোচিত। ঋণ আদায়ে প্রয়োজনে আইন আরো কঠোর করতে হবে, যেখানে ঋণখেলাপিদের চিহ্নিত করে তাদের রাষ্ট্রীয় ও সামাজিকভাবে বর্জনের বিধান থাকবে। ব্যাংক ও আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠিত হলে খেলাপি ঋণ কমবে।

(খ) **দৈনিক সবুজ:** দেশে ডেঙ্গু এখন বলা যায় সারা বছরের রোগে পরিণত হয়েছে। শুরুতে রাজধানী ঢাকায় ডেঙ্গুর প্রকোপ দেখা গেলেও, সারাদেশেই এখন তা ছড়িয়ে পড়েছে। বর্তমানে সিংহভাগ রোগীই ঢাকার বাইরের। ডেঙ্গুর বাহক এডিস মশা নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে কর্তৃপক্ষ। মশা নিধনে যথাযথ ব্যবস্থা নিলে ডেঙ্গু নিয়ন্ত্রণ করা যায়, এমন নজির রয়েছে। বিশেষজ্ঞদের মতে, সঠিক সময় সঠিক ব্যবস্থা নিলে এ বছর ডেঙ্গু এতটা ভয়াবহ আকার ধারণ করত না। এডিস মশা নিয়ন্ত্রণে কর্তৃপক্ষের পাশাপাশি জনসচেতনতার বিষয়টিও অত্যন্ত জরুরি।

(গ) **দৈনিক নিউ টাইমস:** ব্যাপক সম্ভাবনা থাকা সত্ত্বেও দেশে পর্যটন শিল্পের যথাযথ বিকাশ ঘটেনি। সম্প্রতি দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে সারাদেশেই পর্যটন ব্যবসায় ধস নেমেছে। পর্যটন খাতের সুযোগ কাজে লাগিয়ে শ্রীলংকা ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে। এ উদাহরণ থেকে স্পষ্ট হয়, যথাযথ পদক্ষেপ নিলে অল্প সময়েই পর্যটন খাতে ঘুরে দাঁড়ানো সম্ভব। পর্যটন খাতে আমাদের সম্ভাবনাগুলো কাজে লাগানোর উদ্যোগ নিতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। সশস্ত্র বাহিনী বাংলাদেশের সার্বভৌমত্বের প্রতীক- জান্নাতুল শিফা (সম্পা) (দৈনিক স্বজন)

০২। নির্বাচন নিয়ে লু হাওয়া- ড. মাহবুব হাসান (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা